

# National Payment Switch Bangladesh

১. NPSB কী?
উত্তর ঃ NPSB এর অর্থ ন্যাশনাল পেমেন্ট সুইচ বাংলাদেশ। এটি আন্তঃব্যাংক কার্ডভিত্তিক ও ইন্টারনেট ব্যাংকিং লেনদেন সম্পাদনের লক্ষ্যে ব্যাংকগুলোকে পরস্পরের সাথে সংযুক্ত করেছে। NPSB এর মাধ্যমে এক ব্যাংকের গ্রাহক অন্য ব্যাংকের ATM হতে টাকা তুলতে পারেন; এক ব্যাংকের গ্রাহক অন্য ব্যাংকের POS টার্মিনালের মাধ্যমে পণ্য/সেবার মূল্য পরিশোধ করতে পারেন; ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে এক ব্যাংকের গ্রাহক নিজের একাউন্ট/কার্ড থেকে অন্য গ্রাহকের ব্যাংকের একাউন্ট হোল্ডারকে টাকা পাঠাতে পারেন।

২. ইন্টার অপারেবল ATM কী?
উত্তর ঃ ATM মানে অটোমেটেড টেলার মেশিন, যেখানে ব্যাংকের গ্রাহক কার্ডের মাধ্যমে নিজের একাউন্ট হতে নগদ টাকা তুলতে পারে। NPSB এর সদস্য ব্যাংকের ATM গুলো ইন্টার অপারেবল, যেখানে এক ব্যাংকের গ্রাহক কার্ডের মাধ্যমে নিজস্ব ব্যাংকের ATM ছাড়াও অন্য ব্যাংকের ATM হতে নগদ টাকা তুলতে পারেন; ব্যালেন্স অনুসন্ধান করতে পারেন এবং mini statement প্রিন্ট নিতে পারেন।

৩. নিজ ব্যাংকের ATM এ টাকা তোলা, ব্যালেন্স অনুসন্ধান ও হিসাব বিবরণী সংগ্রহের চার্জ কত ?
উত্তর ঃ নিজ ব্যাংকের ATM এ টাকা তোলা, ব্যালেন্স অনুসন্ধান ও হিসাব বিবরণী সংগ্রহে কোন চার্জ নেয়া হয় না।

৪. অন্য ব্যাংকের ATM এ টাকা তোলা, ব্যালেন্স অনুসন্ধান ও হিসাব বিবরণী সংগ্রহের চার্জ কত?
উত্তর ঃ অন্য ব্যাংকের ATM এ প্রতি নগদ উত্তোলনে চার্জ ১৫ টাকা। ব্যালেন্স অনুসন্ধান ও হিসাব বিবরণী সংগ্রহের চার্জ ৫ টাকা।

৫. ATM এ সর্বোচ্চ কত টাকা উঠানো যায় ?
উত্তর ঃ গ্রাহকের হিসাবের ধরণ অনুসারে বিভিন্ন ব্যাংকের ATM এ টাকা উঠানোর সীমা ভিন্ন ভিন্ন। তবে সাধারণত ATM হতে প্রতি লেনদেনে সর্বোচ্চ ২০,০০০/- টাকা এবং দিনে সর্বোচ্চ ৫টি লেনদেনে ৫০,০০০/- টাকা নগদ উঠানো যায়।

৬. NPSB এর মাধ্যমে বর্তমানে কতগুলো ব্যাংক ইন্টার অপারেবল ATM লেনদেনে সংযুক্ত রয়েছে?
উত্তর ঃ NPSB এর মাধ্যমে বর্তমানে ৫১টি ব্যাংক ইন্টার অপারেবল ATM লেনদেনে সংযুক্ত রয়েছে।

৭. ইন্টার অপারেবল POS কী?
উত্তর ঃ POS মানে পয়েন্ট অব সেলস, যার মাধ্যমে ব্যাংকের গ্রাহক কার্ডের সাহায্যে পণ্য/সেবার মূল্য পরিশোধ করতে পারে। NPSB এর সদস্য ব্যাংকের POS গুলো ইন্টার অপারেবল, যেখানে এক ব্যাংকের গ্রাহক কার্ডের মাধ্যমে নিজস্ব ব্যাংকের POS ছাড়াও অন্য ব্যাংকের POS এর মাধ্যমে পণ্য/সেবার মূল্য পরিশোধ করতে পারে।

৮. POS এ লেনদেনে গ্রাহককে কোন চার্জ দিতে হয় কী-না ?
উত্তর ঃ POS এ লেনদেনে গ্রাহককে কোন চার্জ দিতে হয় না।

৯. NPSB এর মাধ্যমে বর্তমানে কতগুলো ব্যাংক ইন্টার অপারেবল POS লেনদেনে সংযুক্ত রয়েছে?
উত্তর ঃ NPSB এর মাধ্যমে বর্তমানে ৫০টি ব্যাংক ইন্টার অপারেবল POS লেনদেনে সংযুক্ত রয়েছে।

১০. IBFT কি? এর সুবিধা কী ?
উত্তর ঃ IBFT হচ্ছে ইন্টারনেট ব্যাংকিং ফান্ড ট্রান্সফার। ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে এক ব্যাংকের গ্রাহক নিজের একাউন্ট/কার্ড থেকে অন্য ব্যাংকের গ্রাহকের একাউন্টে/কার্ডে টাকা পাঠাতে পারেন।

১১. IBFT লেনদেনে সর্বোচ্চ কত টাকা পাঠানো যায়?
উত্তর ঃ প্রতিটি IBFT লেনদেনে সর্বোচ্চ ৫০,০০০ টাকা এবং দিনে সর্বোচ্চ ৫টি লেনদেনে সর্বোচ্চ ০২ লক্ষ টাকা পাঠানো যায়।

১২. NPSB এর মাধ্যমে বর্তমানে কতগুলো ব্যাংক ইন্টার অপারেবল IBFT লেনদেনে যুক্ত রয়েছে?
উত্তর ঃ NPSB এর মাধ্যমে বর্তমানে ১৯টি ব্যাংক ইন্টার অপারেবল IBFT লেনদেনে যুক্ত রয়েছে।